নদীয়া	৭৬.৪	৪.৭	১.২	৯০.২	৯২.৫	৬০.১	৭৫.০	৬১.৪	১৪.২
উত্তর ২৪ পরগণা	৮৩.৩	৮.৪	৪.৯	৮৫.৯	৮৮.৯	৬৫.৮	৫৪.০	৪৬.৩	১০.০
হুগলী	১০০.০	১.৯	১.২	৯৮.৯	৯৭.৪	৬৬.৩	৯১.৪	৮৯.৭	২৬.৬
বাঁকুড়া	৯০.৩	৬.১	১.৬	৯০.০	৮৮.৫	৫৭.৪	৭০.১	৬৫.৬	১৩.৯
পুরুলিয়া	৮৬.৯	১৫.৬	১.৩	৬৮.০	৬৫.৭	৩৪.৬	৫৬.৯	৬০.৬	৬.০
মেদিনীপুর	৯৭.২	৪.৪	২.৩	১০০.০	৯৯.০	৭৫.৫	৯৮.৬	৯৭.৯	৩৮.৫
হাওড়া	৯৮.১	২.৪	১.১	১০০.০	৯৭.৪	৬৭.৫	৯২.৯	৯১.২	৪৪.১
দক্ষিণ ২৪ পরগণা	৬৮.৩	৪.৮	৭.২	৯১.১	৯৩.৭	৬২.০	৭৪.৭	৬৭.৬	১০.০
মোট	৮৫.০	৪.৮	৪.৩	৮৭.৯	.৮৯.১	৫৯.৮	৭৬.৯	৭৫.৮	২২.৩

ভাষা মূল্যায়ন

কাহিনী

ছোট ইঁদুর একদিন একা গর্তের বাইরে বেরল। বাইরে একটা জাল পাতা ছিল। ইঁদুর জালে ধরা পড়ল। ধরা পড়ে ছোট ইঁদুর ঘাবড়ে গেল। লাফালাফি করে আরও জালে জড়িয়ে পড়ল। একটা হুলো বিড়াল দূরে বসে মজা দেখছিল। সে ফন্দি আঁটল এবার ছোট ইঁদুরকে খাবে। বিড়াল হাঁ করে দাঁতের ধার দেখতে লাগল। বাঃ বেশ ধার তো। এদিকে বিড়ালের দাঁত দেখে ইঁদুরেরও নিজের দাঁতের কথা মনে হল। সে তখনই দাঁত দিয়ে জাল কেটে ফেলল। হুলো অবাক হয়ে গেল।

অনুচ্ছেদ


রামায়ণে জটায়ুর কাহিনী আছে।
সে এক বিরাট বড় পাখি।
সীতাকে রাবণ তুলে নিয়ে গেল।
জটায়ু সীতাকে ছাড়াতে পারল না।

অক্ষর

দ ক চ
ব ল
থ হ ত
ম খ

শব্দ

নাক আতা
কুঁড়ি
খুশি টিয়া
দেরী লোভ
পিঠে
ঝোলা দিন



বি.দ্র. ঃ পূর্ব মেদিনীপুর থেকে ১৫টি গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর থেকে ১৫টি গ্রাম নিয়ে মোট ৩০টি গ্রামে সমীক্ষা করা হয়েছে।


সমীক্ষাটি সম্বন্ধে ধারণা

গ্রামে গিয়ে কি করতে হবে?

প্রত্যেক জেলা দলকে একটি করে তালিকা দেওয়া হবে যাতে জেলা, ব্লক ও গ্রামের নাম থাকবে। এটি খুবই গুরুত্বপূর্ণ জেলা তালিকায় দেওয়া প্রত্যেক গ্রামে যাবে এবং এলোমেলো ভাবে বেছে নেওয়া ২০টি ঘর সমীক্ষা করবে।

প্রথম কাজ : কি করে মানচিত্র তৈরি করতে হয়

- গ্রাম প্রধানের সঙ্গে যোগাযোগ কর : গ্রামপ্রধান ও পঞ্চায়েতের অন্যান্য উঁচু পর্যায়ের সদস্যদের সঙ্গে পরিচিত হতে হবে। ASER সম্পর্কে তাঁদের বল। গ্রামপ্রধানের কাছ থেকে গ্রামটিতে পরিবার বাস করে তার আনুমানিক সংখ্যা জেনে নাও। তাঁকে জিজ্ঞেস কর যে তাঁর কাছে গ্রামের মানচিত্র আছে কিনা।




ঘুরে দেখো এবং কথা বলো :

- মানচিত্র আঁকতে শুরু কর : গ্রামটিকে জানতে হলে ঘুরে দেখবে আর মানচিত্র আঁকতে শুরু করবে।
  লোকেদের সঙ্গে কথা বল : গ্রামে কতগুলি ছোট বসতি / অংশ আছে? সেগুলি কোথায় অবস্থিত? প্রত্যেক ছোট বসতি / অংশ-এর সামাজিক গঠন আছে তা জানার চেষ্টা করবে। প্রত্যেক ছোট বসতি / অংশ কতগুলি পরিবার থাকে জেনে নেবে এবং তাদের সঙ্গে ASER সম্পর্কে কথা বলবে।

মানচিত্র : মানচিত্রে বিশিষ্ট স্থানগুলি দেখাবে,মন্দির, মসজিদ, নদী, স্কুল, বাস থামার জায়গা, পঞ্চায়েত ভবন, দোকান ইত্যাদি। মানচিত্রের উপর গ্রামের রাস্তা / পথ ভাল ভাবে চিহ্নিত করবে। প্রথমে একটি জায়গায় (মাটিতে) মানচিত্রটি আঁকো। গ্রামের মানুষ এবং তোমার সাথীরা ঐ মানচিত্রের সাথে সহমত হলে আসল মানচিত্রটি বানাবে। সম্ভব হলে উত্তর-দক্ষিণ, পূর্ব-পশ্চিম -এর দিশা নির্দেশ করবে।

- বিভিন্ন অংশ দেখানো ও তাদের নম্বর দেওয়া : যদি গ্রামে ছোট ছোট বসতি থাকে তবে তাদের চিহ্নিত করবে এবং নম্বর দেবে। যদি গ্রামটিতে বসতি পরপর থাকে তবে তাকে চারটি অংশে ভাগ করবে।
  প্রত্যেক বসতি / অংশের জন্য হিসাব করা পরিবারের সংখ্যা ও সামাজিক গঠন উল্লেখ করবে। গ্রামে ঘোরার সময় মানচিত্রের সব তথ্য লোকেদের সঙ্গে কথা বলে যাচাই করে নেবে।



- যদি গ্রামে ৪টির বেশি বিভিন্ন বসতি থাকে, তবে প্রত্যেক বসতির জন্য সংখ্যা সহ ছোটো কাগজ তৈরী করবে। এবার এলোমেলোভাবে ৪টি ছোটো কাগজ তুলে নেবে। যদি ৪ বা তার কম বসতি থাকে তবে আমরা সবগুলি বসতিতেই যেতে হবে। যদি গ্রামের লোকেরা সবাই পরপর বাস করে তবে পুরো গ্রামটিকে ৪টি বসতিতে / অংশে ভাগ কর। তখন প্রত্যেক বসতিতে / অংশে যেতে হবে। গ্রামের মানচিত্রে অংশগুলি চিহ্নিত করবে।

পরিবার বাছাই কি করে করবে?

- পুরো গ্রামের জন্য মোটামুটি ২০টি এলোমেলো ভাবে বেছে নেওয়া পরিবারের তথ্য থাকবে।

- প্রত্যেক বসতিতে / অংশে যাও। গ্রামের কেন্দ্রবিন্দু খোঁজার চেষ্টা করবে। প্রত্যেক বসতির ৫ম বাসস্থানটিতে (যেমন ১ম ঘর, ৬ষ্ঠ ঘর, ১১তম ঘর,....) যাবে। পরবর্তী অংশে দেওয়া নিয়ম অনুসারে পরিবারটির ও শিশুদের খবরাখবর সংগ্রহ করবে।

- যদি বাছাই করার আবাসটি বন্ধ থাকে বা তখন সেখানে কেউ না থাকে তবে সংকলিত সমীক্ষা পত্রে ঘর বন্ধ লিখে নিয়ে পরের আবাসে চলে যাবে। যতক্ষন না ৫টি পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ হয় ততক্ষন সমীক্ষা চালিয়ে যাবে।

- যদি কোনো পরিবার অংশ গ্রহণ করতে অনিচ্ছা প্রকাশ করে, তাহলে সংকলিত পত্রে উত্তর 'দেয়নি' বলে উল্লেখ করবে। ওপরে লেখা পদ্ধতি অনুযায়ী পরবর্তী বাড়ীতে যাবে। যতক্ষন না ৫টি পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ হয় ততক্ষন সমীক্ষা চালিয়ে যাবে, দেখবে যে তারা বাড়ীতেই শুধু রয়েছে এমন নয়, সমীক্ষায় অংশ গ্রহণও করেছে।

- **যদি এমন পরিবারের কাছে যাও যাদের ৫-১৬ বছরের বয়সের কোনো বাচ্চা নেই কিন্তু তারা ওই গ্রামেই বসবাস করে, সেই পরিবারকেও সমীক্ষায় অন্তর্ভুক্ত করবে। এই রকম একটি পরিবারকে সমীক্ষিত ৫টি পরিবারের ১টি বলে গণ্য করা হবে গ্রামের প্রত্যেকটি অংশে।**

- প্রত্যেকটি বসতি / অংশের ৫টি পরিবারের তথ্য নেওয়া হয়ে গেলে সমীক্ষা সমাপ্ত করবে। ৫টি পরিবারের সমীক্ষা সম্পূর্ণ করার আগেই যদি তুমি ওই বসতি / অংশের প্রান্তে পৌঁছে যাও তাহলে আবার ওই একই পদ্ধতি প্রয়োগ করে বসতি / অংশে চালাবে যতক্ষন না ৫টি পরিবারের সমীক্ষা সমাপ্ত হয়।

- এরপর পরবর্তী নির্বাচিত অংশে যাবে। একই পদ্ধতি অনুসরণ করবে।

- পরিবারগুলিতে অবশ্যই রবিবার বা ছুটির দিন যাবে যাতে বাচ্চারা ঘরে থাকার সম্ভাবনা থাকে। পঞ্চম বাড়িটিতে কতগুলি উনুন আছে জিজ্ঞেস করবে। যদি সেখানে একের বেশি উনুন থাকে, তাহলে যেকোনো একটি উনুন নির্বাচন করবে। এই বাড়িটিতে সমীক্ষার শেষে আবার পরের পঞ্চম বাড়ির সমীক্ষা করবে।

- একটি গ্রামে গিয়ে কি করতে হবে : পরিবারের স্যাম্পল (Sample) নেবে?
  পুরো গ্রামটিতে ২০টি এলোমেলো ভাবে (randomly) চিহ্নিত পরিবারকে সমীক্ষা করবে। গ্রামের ৫টি করে পরিবার নেবে প্রতিটি ভাগ থেকে।

- গ্রামের প্রতিটি ভাগে যাবে। চেষ্টা করবে বসতির মূল / কেন্দ্র খুঁজে বার করতে। কেন্দ্রে যে ঘরটি থাকবে সেটিকে চিহ্নিত করবে।

- সমীক্ষাটি প্রতি পঞ্চম পরিবারে (ঘর/বাড়ি) গিয়ে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো লক্ষ্য করবে এবং জিজ্ঞেস করবে।

- অনেকগুলি রান্নাঘর : কোন একটি বাড়িতে অনেকগুলি পরিবার একসাথে বাস করলে, সেই বাড়িতে কতগুলি রান্নার জায়গা / উনুন রয়েছে, জিজ্ঞেস করবে। যদি সেখানে একের বেশি উনুন / রান্নার জায়গা থাকে তাহলে ঐ বাড়ির যেকোনে একটি উনুন / রান্নার জায়গা চিহ্নিত করবে এবং সেই পরিবারটিকেই সমীক্ষা করবে। এই বিশেষ ক্ষেত্রে বাড়ি বলতে প্রবেশপথ বা দরজাকে বোঝাতে চেয়েছে। এই চিহ্নিত বাড়িতে যে সমস্ত ৩-১৬ বছর বয়সি বাচ্চারা আছে তারা এক উনুনের রান্না খায় কিনা জেনে নেবে।

- বাচ্চা নেই : যদি কোন পরিবারে ৩-১৬ বছরের কোনো বাচ্চা না থাকে, কিন্তু লোক বসবাস করে সেই পরিবারকেও নথিভুক্ত করবে এবং অন্যান্য তথ্য সংগ্রহ করবে। এই ধরণের পরিবার একটি সমীক্ষিত পরিবার হিসাবে গণ্য হবে।


- ঘর / বাড়ি বন্ধ : যদি নির্বাচিত ঘরটি বন্ধ থাকে / কোনো আবাসিক না থাকে। Compilation পত্রে 'ঘর বন্ধ' লিখে দেবে। কিন্তু এই ঘরটি 'সমীক্ষিত ঘর' বলে চিহ্নিত হবে না। তখন পরের / লাগোয়া বাড়ি / ঘরটিকে সমীক্ষা করতে হবে। সমীক্ষা চালাতে থাকবে যতক্ষণ না গ্রামের প্রতিটি অংশে ৫টি এমন বাড়ির সমীক্ষা না হয় যেখানে আবাসিক / লোকেরা আছেন।

- উত্তর দিতে ইচ্ছুক নয় : যদি কোনো পরিবার সমীক্ষায় অংশগ্রহণ করতে রাজী না হয়, তাহলে Compilation পত্রে 'উত্তর দেয়নি' লিখতে হবে। কিন্তু এইরকম পরিবার সমীক্ষিত পরিবার হিসাবে গণ্য হবে না।


- গ্রামের একটি অংশে ৫টি পরিবারের সমীক্ষা শেষ হয়ে গেলে; সমীক্ষা সমাপ্ত হবে। যদি গ্রামের শেষ প্রান্তে পৌঁছে যাও পাঁচটি পরিবার সমীক্ষা করার আগেই, তাহলে আবার সেখান থেকে সমীক্ষা শুরু করেছিলে যেখানে ফিরে এসে একই পদ্ধতি অনুসরণ করে সমীক্ষা করবে। যদি একই ঘর দুবার নির্বাচিত হয় তাহলে পরবর্তী ঘরে যাবে। সমীক্ষা করবে যতক্ষণ না গ্রামের ঐ অংশের ৫টি ঘর সমাপ্ত হচ্ছে।

- এবার পরবর্তী অংশে যাবে। একই পদ্ধতি অনুসরণ করে।

- তখনই সমীক্ষা করতে যাবে যখন বাচ্চারা বাড়িতে থাকে। শনিবারের দ্বিতীয় ভাগ / রবিবার বা যে কোনো ছুটির দিনে যাওয়া উচিৎ।



- গ্রামের প্রতিটি ভাগে যাবে। চেষ্টা করবে বসতির মূল / কেন্দ্র খুঁজে বার করতে। কেন্দ্রে যে ঘরটি থাকবে সেটিকে চিহ্নিত করবে।
- সমীক্ষাটি প্রতি পঞ্চম পরিবারে (ঘর/বাড়ি) গিয়ে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো লক্ষ্য করবে এবং জিজ্ঞেস করবে।
- বাচ্চা নেই : যদি কোন পরিবারে ৩-১৬ বছরের কোনো বাচ্চা না থাকে, কিন্তু লোক বসবাস করে সেই পরিবারকেও নথিভুক্ত করবে এবং অন্যান্য তথ্য সংগ্রহ করবে। এই ধরণের পরিবার একটি সমীক্ষিত পরিবার হিসাবে গণ্য হবে।
- ঘর / বাড়ি বন্ধ : যদি নির্ধাচিত ঘরটি বন্ধ থাকে / কোনো আবাসিক না থাকে। Compilation পত্রে 'ঘর বন্ধ' লিখে দেবে। কিন্তু এই ঘরটি 'সমীক্ষিত ঘর' বলে চিহ্নিত হবে না। তখন পরের / লাগোয়া বাড়ি / ঘরটিকে সমীক্ষা করতে হবে। সমীক্ষা চালাতে থাকবে যতক্ষণ না গ্রামের প্রতিটি অংশে ৫টি এমন বাড়ির সমীক্ষা না হয় যেখানে আবাসিক / লোকেরা আছেন।
- উত্তর দিতে ইচ্ছুক নয় : যদি কোনো পরিবার সমীক্ষায় অংশগ্রহণ করতে রাজী না হয়, তাহলে Compilation পত্রে 'উত্তর দেয়নি' লিখতে হবে। কিন্তু এইরকম পরিবার সমীক্ষিত পরিবার হিসাবে গণ্য হবে না।



- অনেকগুলি রান্নাঘর : কোন একটি বাড়িতে অনেকগুলি পরিবার একসাথে বাস করলে, সেই বাড়িতে কতগুলি রান্নার জায়গা / উনুন রয়েছে, জিজ্ঞেস করবে। যদি সেখানে একের বেশি উনুন / রান্নার জায়গা থাকে তাহলে ঐ বাড়ির যেকোনে একটি উনুন / রান্নার জায়গা চিহ্নিত করবে এবং সেই পরিবারটিকেই সমীক্ষা করবে।

বিদ্যালয়ে গিয়ে কি করতে হবে?

সাধারণ নিয়মাবলী :

- গ্রামের যে কোনো সরকারী বিদ্যালয়ে যাবে। যেখানে ৭/৮ম শ্রেণী অবধি পড়ানো হয়। যদি গ্রামে এমন বিদ্যালয় না থাকে তাহলে ৪/৫ম শ্রেণী আছে এমন বিদ্যালয় যেখানে ৪/৫ম শ্রেণীতে সব থেকে বেশি বাচ্চার নাম নথিভুক্ত আছে। পত্রের ওপরে বিদ্যালয়ের ধরণ লেখা বাক্সে সঠিক চিহ্ন দেবে।
- বিদ্যালয়ে প্রবেশের সময় লিখে রাখবে।
- প্রধান শিক্ষক / শিক্ষিকার সাথে দেখা করবে (যদি প্রধান শিক্ষক না থাকেন, সবচেয়ে অভিজ্ঞ শিক্ষক/শিক্ষিকার সাথে দেখা করবে।
- প্রধান শিক্ষককে নথিভুক্তকরণ খাতা (enrolment register) অথবা অন্য অফিসিয়াল ডকুমেন্ট যাতে বিদ্যালয়ের নথিভুক্তকরণের তথ্য আছে, তা দেখাতে বলবে।
- জেলা সদর এবং পার্শ্ববর্তী বাস স্টপেজ থেকে বিদ্যালয়ের দূরত্ব জেনে, লিখে নেবে।

কি করতে হবে?

প্রথম পর্ব : বাচ্চাদের নথিভুক্তকরণ ও উপস্থিতি

১। রেজিস্টার দেখে প্রতি শ্রেণীর নথিভুক্তকরণ লিখবে। যদি একটি শ্রেণীর অনেকগুলি বিভাগ থাকে, যে কোনো একটি বিভাগ র‍্যান্ডমলি নির্বাচন করবে।

২। যেখানে বাচ্চারা বসেছে, সেখানে ঘুরে আসবে ও নিজে শ্রেণী অনুযায়ী বাচ্চাদের উপস্থিতি গুণবে।
যদি এক জায়গায় একাধিক শ্রেণীর বাচ্চা বসে থাকে তাহলে শ্রেণী অনুযায়ী বাচ্চাদের হাত তুলতে বলবে ও গুণবে। শিক্ষক / শিক্ষিকার সাহায্য নেবে।

দ্বিতীয় পর্ব : শিক্ষক / শিক্ষিকা

১। প্রধান শিক্ষককে নিযুক্ত, উপস্থিত ও অনুপস্থিত শিক্ষকের সংখ্যা জিজ্ঞেস করবে। প্রধান শিক্ষককে বাদ দিয়ে গুণবে।

২। যদি বিদ্যালয়ে প্যারাটিচার থাকে, (পঞ্চায়েত বা গ্রাম শিক্ষা পরিষদ বা অভিভাবক শিক্ষকগোষ্ঠী দ্বারা নিযুক্ত) তাহলে তাদের সংখ্যা আলাদা লিখবে।

৩। অফিসের কাজের জন্য যে শিক্ষক / প্যারাটিচার অনুপস্থিত, তাদের সংখ্যা লিখবে।

৪। শিক্ষকদের ধরণ (প্রধান শিক্ষক / নিয়মিত শিক্ষক / প্যারাটিচার) জিজ্ঞেস করবে। তাঁরা ঐ গ্রামে বা কাছের গ্রামে বসবাস করেন কিনা জিজ্ঞেস করবে। ঐ গ্রাম বা নিকটবর্তী গ্রামে থাকা শিক্ষকদের সংখ্যা নথিভুক্ত করবে।

তৃতীয় পর্ব : বিদ্যালয় অনুদান সম্পর্কিত তথ্য :

১। ২০০৬—২০০৭ -এর তথ্য নেবে।

২। প্রধান শিক্ষককে অনুদান সংক্রান্ত তথ্য জিজ্ঞেস করবে। প্রধান শিক্ষক অনুপস্থিত থাকলে অন্য শিক্ষক / প্যারাটিচারদের জিজ্ঞেস করবে। তাদের পদটাও লিখবে।

৩। বিদ্যালয় অনুদান পায় কিনা জিজ্ঞেস করবে। যদি পায় অনুদানের পরিমাণ লিখবে। যদি বলেন, অনুদান ভবিষ্যতে পাবে, তাহলে 'না' লিখে নেবে।

৪। তালিকা অনুযায়ী জিজ্ঞেস করবে। জিজ্ঞেস করবে প্রতিটি জিনিসের জন্য অনুদান ব্যয় করেছে কিনা। যদি অনুদান দুবছরের জন্য না পেয়ে থাকে, তাহলে 'হ্যাঁ' অথবা 'না' বুঝে লিখবে।

৫। বিনীতভাবে অনুদান সংক্রান্ত প্রশ্ন করবে। যদি উত্তর দিতে না চায়, ঐ অংশটা ফাঁকা রেখে দেবে।

চতুর্থ পর্ব : শ্রেণীকক্ষের পরিদর্শন

১। এই অংশটি দ্বিতীয় ও চতুর্থ শ্রেণীর জন্য। যদি কোন একটি শ্রেণীতে একাধিক বিভাগ থাকে, তবে র‍্যান্ডমলি কোন একটি বিভাগ নির্বাচন করবে।

২। বাচ্চাদের বসার ব্যবস্থা দেখবে (তারা একসাথে বসেছে না শ্রেণী অনুসারে) এবং ব্ল্যাকবোর্ড আছে কিনা ও তাতে লেখা যায় কিনা দেখে নেবে।

৩। বাচ্চাদের পাঠ্যপুস্তক / পেন / পেনসিল / খাতা আছে কিনা দেখবে। বাচ্চাদের নিজেদের পাঠ্যপুস্তক / পেন / পেনসিল / খাতা তুলে দেখাতে বলবে।

৪। শিক্ষকরা 'টাইম টেবিল' বা সময় সারণী ব্যবহার করে কিনা জিজ্ঞেস করবে। যদি করেন, তাহলে তা দেখাতে বলবে। যদি না থাকে, 'না' লিখবে।

পঞ্চম পর্ব : পড়নো ও শেখানোর জিনিসপত্রের জন্য অনুদান

১। এই অংশটি দ্বিতীয় ও চতুর্থ শ্রেণীর জন্য। ২০০৬ ও ২০০৭ -এর তথ্য প্রয়োজন। যদি শিক্ষক বলেন TLM অনুদান ভবিষ্যতে পাবে 'না' লিখবে।

২। যদি অনুদান পায়, অনুদানের পরিমাণ ও কোন মাসে পেয়েছে লিখবে। শিক্ষক প্রতি প্রাপ্ত অনুদান ও অনুদানের পরিমাণ লিখবে।

৩। তালিকা অনুযায়ী জিজ্ঞেস করবে। জিজ্ঞেস করবে প্রতিটি জিনিসের জন্য অনুদান ব্যয় করেছে কিনা। যদি ২ বছরের জন্য না পেয়ে থাকে তাহলে হ্যাঁ অথবা না বুঝে লিখবে।

ষষ্ঠ পর্ব : বিদ্যালয়ের পরিকাঠামো

১। শ্রেণীকক্ষের সংখ্যা দেখবে এবং লক্ষ্য করবে তা বাচ্চাদের জন্য ব্যবহার হচ্ছে কিনা।

২। একইভাবে দেখবে নলকূপ আছে কিনা এবং তা ব্যবহার করা যায় কিনা। শৌচাগার ব্যবহার করা যায় কিনা এবং মিড্‌ডে মিলের পর্যাপ্ত ব্যবস্থা আছে কিনা দেখবে।

৩। শিক্ষককে জিজ্ঞেস করবে বিদ্যালয়ে লাইব্রেরীর বই আছে কিনা। যদি থাকে তাহলে শিক্ষক বা ছাত্র / ছাত্রীকে তা দেখাতে বলবে।

সপ্তম পর্ব : সাধারণ মন্তব্য ও নিরীক্ষণ

১। বিদ্যালয় পরিদর্শনের সময় কোনো কিছু দেখলে সেই বিষয়ে মন্তব্য লিখবে।

২। বাহির হওয়ার সময় লিখবে।

প্রতিটি পরিবারে গিয়ে কি করবে?

প্রত্যেক পরিবারে নিয়মিত বসবাসকারী বাচ্চাদের সম্পর্কে তথ্য গ্রহণ করব।

- যখন শিশুর বয়স ৩ বা ৪ : সমীক্ষা বাচ্চাদের নাম, বয়স এবং তারা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে যায় কিনা লিখতে হবে। আমরা এই সব বাচ্চাদের পরীক্ষা করব না। যদি কোন বাচ্চা অঙ্গনওয়াড়ী না যায় তাহলে তা 'অঙ্গনওয়াড়ী যায় না' বিভাগে লিখে নাও।

- বাচ্চার বয়স ৫ থেকে ১৬ বছরের মধ্যে : সমীক্ষা পত্রে বাচ্চাদের বয়স এবং অন্যান্য তথ্য লিখে নাও। এই বয়ঃসীমার সমস্ত বাচ্চাকে প্রাথমিক ভাষা, গণিত এবং ইংরাজির ওপর পরীক্ষা নেবে। মা সম্পর্কিত তথ্য লিখে নেবে। আমরা জানি যে ছোট বাচ্চারা বেশী পড়তে বা অঙ্ক করতে পারবে না। তবু আমরা একই পদ্ধতি গ্রহণ করব সব শিশুর জন্য, যাতে আমাদের পদ্ধতির ধারাবাহিকতা বজায় থাকে।

- মায়েরা : মায়েদের বয়স, তিনি বিদ্যালয়ে গেছেন কিনা, গিয়ে থাকলে কোন শ্রেণী অবধি পড়েছেন লিখবে। যদি তিনি ঘরে থাকেন তাহলে ওঁনাকেই জিজ্ঞেস করবে। মায়ের তথ্য যেন প্রতি বাচ্চা অনুযায়ী হয়।

মনে রাখার অন্যান্য বিষয় :

- **অনাবাসিক বাচ্চা :** অনাবাসিক বাচ্চাদের সমীক্ষা করবে না। এই বাচ্চারা হয়ত মাঝে মাঝে আসে, কিন্তু সমীক্ষা করার আগে দেখে নিতে হবে তাদের নাম নথিভুক্ত আছে কি না। এলাকার বসবাসকারী সদস্যদের এবং তাদের আশ-পাশের বাড়ীর লোকেদের থেকে জেনে নিতে হবে যে কারা নিয়মিতভাবে ঐসব বাসস্থানে বসবাস করে।

- **বড় বাচ্চা :** অনেক সময় একটু বড় বাচ্চা (যেমন ১১-১৬ বছর বয়সী) নিজেদের বাচ্চা বলে ভাবে না। তাদের ক্ষেত্রে একটু সচেতন হতে হবে এবং 'বাচ্চা' সম্বোধানটি এড়িয়ে যেতে হবে। এই বয়সের সমস্ত বাচ্চা যাতে নথিভুক্ত হয় তার দিকে খেয়াল রাখতে হবে। অনেক সময় এই বয়সী বাচ্চারা বাড়ির নিকটবর্তী মাঠে খেলা করে। সমীক্ষার সময় যদি তারা বাড়িতে না থাকে তাহলে তাদের সাথে সরাসরি কথা বলার জন্য পরিবারের সদস্যদের দিয়ে তাদের ডাকিয়ে আনবে। যদি তারা তখন না আসতে পারে তবে পরিবারটিকে চিহ্নিত করে রাখতে হবে এবং অন্য পরিবারগুলির সমীক্ষা হয়ে গেলে সেখানে আবার যেতে হবে।

যে বাচ্চারা গ্রামের বাইরে আছে : যদি পরিবারে এমন ছেলেমেয়ে থাকে, যারা সেই সময় গ্রামে নেই, তবে সমীক্ষাপত্রে তাদের বিশদ বিবরণ লিখে নেবে।

- বাচ্চারা সাধারণত পরীক্ষা পদ্ধতি সম্বন্ধে কৌতূহলী এবং তাতে অংশগ্রহণ করতে চায়। তাদেরকে নিরুৎসাহ করবে না। তুমি তাদের সঙ্গে কথাবার্তা বলতে পার। কিন্তু এই বিষয়টির ওপর জোর দেবে যে শুধুমাত্র এলোমেলোভাবে বেছে পরিবারগুলির শিশুদের তথ্যই লিখে নেওয়া হবে।

- নিশ্চিত হও যেন প্রত্যেক স্বেচ্ছাসেবী পরিষ্কার বেশে থাকে, ভদ্রভাবে কথা বলে আর 'ASER-২০০৭' সম্বন্ধে বলতে পারে। সব থেকে বড় কথা, সমস্ত ব্যাপারটা উপভোগ করবে আর দেখবে যেন বাচ্চারাও উপভোগ করে।

ভাষার স্তর মূল্যায়নের নিয়ম

শিশুদের ভাষার স্তর	মূল্যায়ন পত্র	মূল্যায়ন কিভাবে করবে এবং স্তর নির্ণয় প্রক্রিয়া
১। কাহিনী	কাহিনী বা বড় অনুচ্ছেদ	বাচ্চা কাহিনী দ্রুততার সাথে, সহজে এবং ধারাবাহিক ভাবে পড়ছে। যদি সে অনুচ্ছেদের মত করে পড়ে তখন তাকে কাহিনী স্তরে রাখা যাবে না।
২। সহজ অনুচ্ছেদ এখান থেকে শুরু করবে।	সহজ অনুচ্ছেদ	বাচ্চাকে সহজ অনুচ্ছেদ পড়তে দাও। যদি ও ধারাবাহিকভাবে পড়তে পারে তো ওকে কাহিনী পড়তে দাও। বাচ্চা ধীরে ধীরে পড়তে বা বার বার থেমে থেমে পড়তে পারে। বাচ্চাটি শব্দ পড়ার সময় তিন বা চারটি ভুল করতে পারে। যতক্ষন না বাচ্চা ৩-এর বেশী শব্দ পড়তে ভুল করে ওকে অনুচ্ছেদের স্তরে রাখব। যদি শিশুর বার বার ৩-এর বেশী শব্দ পড়তে অসুবিধা হয় এবং বাক্যর শব্দগুলো ভেঙে ভেঙে পড়ে তাহলে ওকে শব্দ স্তরে নিয়ে আসতে হবে।
৩। শব্দ	সহজ শব্দের তালিকা	সহজ শব্দর তালিকা থেকে বাচ্চাকে ৫টি শব্দ পড়তে দাও। ওকে নিজেকেই শব্দ খুঁজে নিতে দাও। যদি বাচ্চা বাছাই করা ৫টি শব্দের মধ্যে ৪টি শব্দ সহজে চিনতে পারে তবে তাকে 'সহজ অনুচ্ছেদ' পড়তে দাও। যদি ওর পড়তে অসুবিধা হয় তাহলে ওকে শব্দের স্তরে রাখো। যদি বাচ্চা নিজের বাছা ৫টির মধ্যে ৪টি শব্দ পড়তে না পারে তাকে অক্ষর তালিকায় নিয়ে এস।
৪। অক্ষর	সহজ অক্ষরের তালিকা	বাচ্চাকে অক্ষর তালিকা থেকে ৫টি অক্ষর পড়ার জন্য বল। ওকে নিজেকেই বাছতে দাও। যদি বাচ্চা বাছাই করা ৫টি অক্ষরের মধ্যে ৪টি অক্ষর সহজে চিনতে পারে তবে তাকে আবার 'শব্দ' তালিকা দেখাও। যদি বাচ্চা ৫টির মধ্যে ৪টি অক্ষর পড়তে পারে কিন্তু শব্দ পড়তে না পারে তখন তাকে অক্ষর স্তরে রাখবে।
৫। কিছু না		যদি বাচ্চা অক্ষরগুলির মধ্যে নিজে বাছাই করা ৫টি অক্ষরের মধ্যে ৪টি অক্ষরও চিনতে না পারে তখন ওকে 'কিছু না' স্তরে রাখতে হবে।

বোধ পরীক্ষণ

স্তর মূল্যায়ণের নিয়ম

বাচ্চার বোধ পরীক্ষণের স্তর	কিভাবে পরীক্ষা করবে এবং কিভাবে বাচ্চাদের কিছু নির্দিষ্ট বৈশিষ্ট্য অনুসারে আলাদা করবে।
পঠনের পরীক্ষা শেষ হয়ে গেলে প্রতিটি বাচ্চাকে এই বোধ পরীক্ষণের পরীক্ষা নেবে। প্রতিটি বাচ্চাকে একটি অনুচ্ছেদ ও একটি কাহিনী পড়ে উত্তর দিতে বলবে। বাচ্চার অনুচ্ছেদ ও কাহিনী পড়া হয়ে গেলে প্রশ্নটা জিজ্ঞেস করবে।	
অনুচ্ছেদের বোধ পরীক্ষণ	বাচ্চাকে যে কোনো একটি অনুচ্ছেদ পড়তে বলবে এবং পড়ার শেষে ঐ অনুচ্ছেদ থেকে প্রশ্ন করা হবে ওকে বলবে। যদি কোন অনুচ্ছেদ বাচ্চাটি নিজে না বাছাই করে, তাহলে একটি অনুচ্ছেদ ওকে দেখিয়ে দেবে। বাচ্চাকে পড়তে দেবে। ওর পড়া শুনবে। পড়া শেষ হয়ে গেলে প্রশ্ন দুটি করবে। বাচ্চাকে কিছু সময় দেবে উত্তর দেওয়ার জন্য। 'প্রশ্ন-১ পেরেছে' তে সঠিক চিহ্ন দেবে যদি বাচ্চা সঠিক উত্তর দিতে পারে, আর যদি না পারে তো 'প্রশ্ন-১ পারেনি' তে সঠিক চিহ্ন দেবে। 'প্রশ্ন-২' -এর ক্ষেত্রেও একই পদ্ধতি অনুসৃত হবে।
কাহিনীর বোধ পরীক্ষণ	বাচ্চাকে যে কোনো একটি কাহিনী পড়তে বলবে এবং পড়ার শেষে ঐ কাহিনী থেকে প্রশ্ন করা হবে ওকে বলবে। যদি কোন কাহিনী বাচ্চাটি নিজে না বাছাই করে, তাহলে একটি কাহিনী ওকে দেখিয়ে দাও। বাচ্চাকে পড়তে দেবে। ওর পড়া শুনবে। পড়া শেষ হয়ে গেলে প্রশ্ন দুটি করবে। বাচ্চাকে কিছু সময় দেবে উত্তর দেওয়ার জন্য। 'প্রশ্ন-৩ পেরেছে' তে সঠিক চিহ্ন দেবে যদি বাচ্চা সঠিক উত্তর দিতে পারে, আর যদি না পারে তো 'প্রশ্ন-৩ পারেনি' তে সঠিক চিহ্ন দেবে। 'প্রশ্ন-৪' -এর ক্ষেত্রেও একই পদ্ধতি অনুসৃত হবে।

গণিতের স্তর মূল্যায়ণের নিয়ম


বাচ্চার গণিতের স্তর	কিভাবে পরীক্ষা করবে এবং কিভাবে বাচ্চাদের কিছু নির্দিষ্ট বৈশিষ্ট্য অনুসারে আলাদা করবে।
ভাগ : ৩ অঙ্কের সংখ্যাকে ১ অঙ্কের সংখ্যা দ্বারা	● বাচ্চাকে ভাগের অঙ্ক দেখাও। বাচ্চা কোনো একটি অঙ্ক বেছে নিয়ে চেষ্টা করতে পারে। যদি, নিজে বাছাই না করে, তাহলে কোনো একটি ভাগ ওকে কষতে দেবে। অঙ্কটা কি অঙ্ক এবং ওকে কি করতে হবে জিজ্ঞেস করবে ● তারপর ভাগটা একটা কাগজে লিখে, ওকে কষতে দেবে। দেখবে ও কি করে। ● যদি ও সঠিক পদ্ধতি অনুসরণ করে অঙ্কটা সঠিক কষতে পারে, ওকে ভাগের স্তরে রাখবে। ● যদি না কষতে পারে, তাহলে, অন্য একটি অঙ্ক কষতে দেবে। ● সেই অঙ্কটাও যদি কষতে না পারে, তাহলে ওকে বিয়োগের স্তরে রাখবে।
বিয়োগ : ২ অঙ্কের হাতে রাখা এখান থেকে শুরু করবে।	● বাচ্চাকে বিয়োগের অঙ্ক দেখাবে। ও নিজেই বাছাই করতে পারে। যদি না পারে, তাহলে তুমি বেছে দেবে। ● বাচ্চাকে সংখ্যাগুলো ওপর থেকে দেখিয়ে জিজ্ঞেস করবে ওটা কত? (উদা. ৫৬) যদি বাচ্চা বলে ৫ এবং ৬ তাহলে আবার জিজ্ঞেস করবে। দেখার চেষ্টা করবে বাচ্চা ২ অঙ্কের সংখ্যা চিনতে পারছে কিনা। ওকে পরের লাইনের সংখ্যাগুলো দেখিয়ে একই কথা জিজ্ঞেস করবে। বিয়োগ চিহ্ন দেখিয়ে জিজ্ঞেস করবে ওটা কি চিহ্ন এবং ওকে কি করতে হবে? যখন তুমি বুঝতে পারবে বাচ্চাটা সংখ্যা চেনে, তখন একটা কাগজে অঙ্কটা লিখে কষতে দেবে। কষবে সময় লক্ষ্য রাখবে। লক্ষ্য করবে বাচ্চা স্থানীয় মানের ধারণা (একক/দশক) ঠিক রেখে অঙ্ক কষছে কিনা। ● বাচ্চাকে একইরকম আরেকটি অঙ্ক কষতে দেবে। ● যদি বাচ্চা দুটি অঙ্কই সঠিক করে তাহলে ওকে ভাগের অঙ্ক দেখাবে। ● যদি বাচ্চা ভাগের অঙ্ক করতে না চায় বা কষতে না পারে তাহলে ওকে বিয়োগের স্তরে রাখবে। ● যদি বাচ্চা বিয়োগের অঙ্ক সঠিক না করতে পারে, তাহলে ওকে 'সংখ্যা পরিচিত' ১০-৯৯-র স্তরে নিয়ে আসবে
সংখ্যা পরিচিতি ১১-৯৯	● একটার পর একটা করে অন্তত ৫টি সংখ্যা দেখাবে। বাচ্চা নিজেও বাছাই করতে পারে। ● বাচ্চাকে সংখ্যাগুলি কি বলতে বলবে। ● যদি বাচ্চা ৫টি সংখ্যার মধ্যে ৪টি সঠিক ভাবে চিহ্নিত করতে পারে, তাহলে ওকে

বাচ্চার গণিতের স্তর	কিভাবে পরীক্ষা করবে এবং কিভাবে বাচ্চাদের কিছু নির্দিষ্ট বৈশিষ্ট্য অনুসারে আলাদা করবে।
	সংখ্যা পরিচিত ১১-৯৯ এর স্তরে রাখবে। আর যদি না পারে, তাহলে ওকে সংখ্যা পরিচিতি ১-৯ এর স্তরে নিয়ে আসবে।
সংখ্যা পরিচিতি ১-৯	● একটার পর একটা করে অন্তত ৫টি সংখ্যা দেখাবে। বাচ্চা নিজেও বাছাই করতে পারে। ● বাচ্চাকে সংখ্যাগুলি কি বলতে বলবে। ● যদি বাচ্চা ৫টি সংখ্যার মধ্যে ৪টি সঠিক ভাবে চিহ্নিত করতে পাবে, তাহলে ওকে সংখ্যা পরিচিত ১-৯ এর স্তরে রাখবে। আর যদি না পারে, তাহলে ওকে কিছু না স্তরে নিয়ে আসবে।
'কিছু না'	● বাচ্চা যদি ৫টি সংখ্যার মধ্যে ৪টিও না চিনতে পারে, তাহলে ওকে 'কিছু না স্তরে' রাখবে।

প্রশ্নের অঙ্ক সব বাচ্চাকে এই প্রশ্নের অঙ্ক করতে দেবে	● বাচ্চাকে বলবে যে তুমি ওকে একটা প্রশ্নের অঙ্ক জিজ্ঞেস করবে এবং ওকে তার উত্তর দিতে হবে। বাচ্চাকে কাগজ ও পেনসিল দেবে সে যদি লিখে অঙ্ক কষতে চায়। বাচ্চাটি উত্তর মৌখিক বা লিখিত ভাবে দিতে পারে। ● পরিষ্কারভাবে প্রথম প্রশ্ন অঙ্কটা বলবে। যদি দরকার হয় পুনর্বার বলবে। 'প্রশ্ন-১ পেরেছে'তে সঠিক দাগ দেবে যদি বাচ্চা অঙ্কটির সঠিক উত্তর দেয়। যদি উত্তর ভুল দেয়, তাহলে 'প্রশ্ন-১ পারেনি'তে সঠিক চিহ্ন দেবে। ● তারপর দ্বিতীয় প্রশ্নের অঙ্কটা পরিষ্কার ভাবে বলবে। 'প্রশ্ন-২ পেরেছে'তে সঠিক দাগ দেবে যদি বাচ্চা অঙ্কটির সঠিক উত্তর দেয়। যদি উত্তর ভুল দেয়, তাহলে 'প্রশ্ন-২ পারেনি'তে সঠিক চিহ্ন দেবে।

ইংরাজির স্তর মূল্যায়ণ	
এই পরীক্ষাটা সমস্ত বাচ্চাকে করবে। পঠন : বাচ্চার সর্বোচ্চ পঠনের স্তরে সঠিক চিহ্ন দেবে। অর্থ : শব্দ ও বাক্যের অর্থ বাচ্চা বলতে পারছে কিনা লিখে নেবে।	
ইংরাজি স্তর	কিভাবে পরীক্ষা করবে এবং কিভাবে বাচ্চাদের কিছু নির্দিষ্ট বৈশিষ্ট্য অনুসারে আলাদা করবে।
ক্যাপিটাল অ্যালফাবেট / বড় হাতের অক্ষর এখান থেকে শুরু করবে।	● বাচ্চাকে ৫টি বড় হাতের অক্ষর তালিকা থেকে পড়তে বলবে। ওকে নিজেকেই বাছতে দেবে।। যদি নিজে না বাছাই করতে পারে, তখন র‍্যান্ডামলি বাছা ৫টি বড় হাতের অক্ষর দেখাবে। যদি ৫টির মধ্যে ৪টি বড় হাতের অক্ষর ও চিনতে পারে তাহলে ওকে ছোট হাতের অক্ষর দেখাবে ● যদি বাচ্চা বড় হাতের অক্ষর পড়তে পারে, কিন্তু ছোট হাতের অক্ষর পড়তে ওর অসুবিধা হয় তাহলে ওকে বড় হাতের অক্ষর বা ক্যাপিটাল অ্যালফাবেটের স্তরে রাখবে। ● যদি বাচ্চা ৫টির মধ্যে ৪টি ক্যাপিটাল / বড় হাতের অক্ষর চিনতে না পারে তাহলে ওকে 'নাথিং' স্তরে রাখবে।
স্মল অ্যালফাবেট / ছোট হাতের অক্ষর	● বাচ্চাকে ৫টি ছোট হাতের অক্ষর তালিকা থেকে পড়তে বলবে। ওকে নিজেকেই বাছতে দেবে। যদি নিজে না বাছাই করতে পারে, তখন র‍্যান্ডমলি বাছা ৫টি ছোট হাতের অক্ষর দেখাবে। যদি ৫টির মধ্যে ৪টি ছোট হাতের অক্ষর ও চিনতে পারে তাহলে ওকে সহজ শব্দ দেখাবে। ● যদি বাচ্চা ছোট হাতের অক্ষর পড়তে পারে, কিন্তু ছোট হাতের অক্ষর পড়তে ওর অসুবিধা হয় তাহলে ওকে ছোট হাতের অক্ষর বা স্মল অ্যালফাবেটের স্তরে রাখবে।
সিম্পল ওয়ার্ড / সহজ শব্দ	বাক্যের পঠন : ● তালিকা থেকে ৬টা শব্দের মধ্যে ৫টি পড়তে বলবে। ● যদি সে সঠিকভাবে ৫টি শব্দের মধ্যে ৪টি পড়তে পারে, তাহলে ওকে বাক্যের (Sentence)-এর তালিকা দেখাবে। ● যদি বাচ্চা বাক্য পড়তে না চায়, তাহলে ওকে সহজ শব্দ বা সিম্পল ওয়ার্ড স্তরে রেখে দেবে। শব্দের অর্থ : (বাচ্চা 'শব্দ স্তরের বাচ্চা' হিসাবে চিহ্নিত হলে) ● যেই শব্দগুলি বাচ্চাটি একটু আগেই পড়েছে, সেগুলির মানে নিজের ভাষায় বলতে বলবে। ● শব্দের অর্থ আক্ষরিক হতে পারে অথবা ঐ শব্দের সাথে যুক্ত শব্দ হতে পারে। যেমন — 'Man' সে 'লোক' ও বলতে পারে, অথবা 'বাবা' ও বলতে পারে। ● যদি বাচ্চা ৪টি শব্দের সঠিক অর্থ বলতে পারে তাহলে 'পেরেছে' বা' সঠিক চিহ্ন দেবে। আর যদি না পারে তাহলে 'পারেনি' বাক্সে সঠিক চিহ্ন দেবে।
সহজ সেন্টেন্স / সহজ বাক্য	বাক্যের পঠন : ● বাচ্চাকে প্রদত্ত ৪টি বাক্য পড়তে বল। যদি বাচ্চা সাবলীলভাবে ৪টির মধ্যে ২টি বাক্য পড়তে পারে। তাহলে ওকে সেন্টেন্স / বাক্যের স্তরে রাখবে। বাক্যের অর্থ : (বাচ্চা 'বাক্য স্তরের বাচ্চা' হিসাবে চিহ্নিত হলে) ● সেই বাক্যগুলি বাচ্চাটি একটু আগেই পড়েছে, সেগুলির মানে নিজের ভাষায় জিজ্ঞেস কর। ● বাচ্চা যেন অন্তত নিজে দাগ দেওয়া শব্দের মানে বলতে পারে। উদা. What is your name? বাচ্চা অন্তত বলবে What মানে কি, আর Name মানে নাম। ● যদি বাচ্চা দুটো বাক্যের সঠিক মানে বলতে পারে, তাহলে 'পেরেছে' আর না পারলে 'পারেনি' বাক্সে সঠিক চিহ্ন দাও।

গ্রামের নাম- ব্রাশনা - ব্লক পান্ডুয়া, জেলা = হুগলী



মানচিত্র পূরণ করার নির্দেশ			
- গ্রামে কতগুলি ছোট বসতি / অংশ আছে? ৭ টি - বসতি / অংশগুলি সংখ্যা দিয়ে মানচিত্রে চিহ্নিত করো - প্রতিটি বসতি / অংশের ছোট জনসংখ্যা নির্দেশ করো	- সমীক্ষা হওয়া বসতি / অংশগুলি চিহ্নিত করো। - মানচিত্রে বিশিষ্ট স্থানগুলি দেখাও - মন্দির, মসজিদ, নদী, রাস্তা, স্কুল, বাস থামার জায়গা, পঞ্চায়েত ভবন, দোকান ইত্যাদি। - হেঁটে বেড়াবার সময় মানচিত্রের সব তথ্য লোকেদের।	মোট ঘরের সংখ্যা	৯৯৮
		আনুমানিক জনবসতি	৪০ শ
		মোট সরকারী প্রাইমারী বিদ্যালয়	২
		১-৫ম শ্রেণী	১
		১-৮ম শ্রেণী	০

গ্রামের মূল রাস্তা মানচিত্রে পরিষ্কার করে চিহ্নিত করো।

পরিবার সমীক্ষা পত্র

অসর ASER 2007 Annual Status of Education Report, facilitated by PRATHAM

১। মানচিত্র আঁক।
২। গ্রামে যদি ৪টির বেশী পাড়া থাকে তাহলে কাগজের টুকরোয় লিখে এলোমেলো ভাবে ৪টি পাড়া নির্বাচন কর।
৩। গ্রামে যদি ৪টির কম পাড়া থাকে তাহলে প্রতিটি পাড়াতেই যাবে।
৪। গ্রামটি যদি একটিধারে হয় তাহলে সেটিকে ৪টি ভাগে ভাগ করে নেবে।

* গ্রামের প্রতিটি অংশে ৫টি করে পরিবারের সমীক্ষা করবে।
* ৫ম পরিবারের নিয়ম অনুসরণ করবে।
* ৩-১৬ বছর বয়সসীমার মধ্যের সব বাচ্চাকে সমীক্ষা করবে।
* ৫-১৬ বছর বয়সীমার মধ্যের সব বাচ্চার পরীক্ষা নেবে।
* মায়ের তথ্য মাকেই জিজ্ঞেস করতে চেষ্টা করবে। যদি মা না থাকেন তখন অন্য কাউকে জিজ্ঞেস করবে।
* "গ্রামে গিয়ে কি করতে হবে" এই অংশটি পুস্তিকা থেকে পড়ে নেবে।

রাজ্যের নাম	পশ্চিম বঙ্গ
জেলা	হুগলী
ব্লকের নাম	পান্ডুয়া
গ্রামের নাম	[illegible]
পরিবারের সংখ্যা	১৭৮
সমীক্ষিত বিদ্যালয়ের ধরণ	শ্রেণী ১-৫ম / শ্রেণী ১-৮ম / শ্রেণী ৬-৮ম
সমীক্ষিত বিদ্যালয়ের নাম	

পরিবারের কর্তা/কর্ত্রীর নাম: [illegible] ঘোষ

সমীক্ষকদের নাম:

তারিখ:

সময়:

মোট পরিবারের সদস্য সংখ্যা (একই রান্নাঘর): ১১

25

ক্রমিক সংখ্যা	বাচ্চার নাম (৩-১৬ বছর বয়সসীমার মধ্যে এমন বাচ্চা যে নিয়মিত বাড়িতে থাকে)	বয়স	লিঙ্গ	মা: কোন দিন বিদ্যালয়ে গিয়েছেন কি? হ্যাঁ	না	কোন শ্রেণী পর্যন্ত পড়েছেন?	মায়ের বয়স	অঙ্গনওয়াড়ী (৩-৫): অঙ্গনওয়াড়ীতে যায়	অঙ্গনওয়াড়ীতে যায় না	বিদ্যালয়ের অবস্থা (৫-১৬): শ্রেণী	সরকারী	বেসরকারী	মাদ্রাসা	অন্যান্য	বিদ্যালয়ের বাইরের বাচ্চা: কোনদিন বিদ্যালয়ে যায়নি	স্কুলছুট	কোন শ্রেণী অবধি পড়েছে	প্রাইভেট টিউশনে যায়? (টাকা দিয়ে) হ্যাঁ	না	বাচ্চাটি কি এই সমীক্ষা করা বিদ্যালয়ে পড়তে যায়? হ্যাঁ	না
১	সন্তোষ কুমার ঘোষ	১৫	পুরুষ	✓		VIII	৩৫			IV	✓							✓			✓
২	অনুপম [illegible]	১৪	পুরুষ	✓		VIII	৩৫			VII	✓							✓			✓
৩	[illegible]	[illegible]	পুরুষ	✓		VIII	৩৫			IX	✓							✓			✓
৪																					
৫																					
৬																					
৭																					
৮																					
৯																					
১০																					
১১																					
১২																					
মোট										৬								৩			৩

পড়ার স্তর (৫-১৬ বছর বয়সসীমা)

ক্রমিক সংখ্যা	পঠন (সর্বোচ্চ স্তরে ✓ দেবে): কাহিনী	অনুচ্ছেদ	শব্দ	অক্ষর	কিছুনা	বোধ পরীক্ষণ (সব বাচ্চাকে জিজ্ঞাসা করবে) অনুচ্ছেদ প্রশ্ন-১ পেরেছে	প্রশ্ন-১ পারেনি	প্রশ্ন-২ পেরেছে	প্রশ্ন-২ পারেনি	কাহিনী প্রশ্ন-৩ পেরেছে	প্রশ্ন-৩ পারেনি	প্রশ্ন-৪ পেরেছে	প্রশ্ন-৪ পারেনি	গণিত (সর্বোচ্চ স্তরে ✓ দেবে): ভাগ	বিয়োগ	সংখ্যা পরিচিতি (১১-৯৯)	সংখ্যা পরিচিতি (১-৯)	কিছু না	প্রশ্নের অঙ্ক (সব বাচ্চাকে করতে দেবে) প্রশ্ন-১ পেরেছে	প্রশ্ন-১ পারেনি	প্রশ্ন-২ পেরেছে	প্রশ্ন-২ পারেনি	যে ভাষায় সমীক্ষা করা হয়েছে
১	✓					✓		✓		✓		✓							✓		✓		বাংলা
২	✓					✓		✓		✓		✓							✓		✓		বাংলা
৩	✓					✓		✓		✓		✓							✓		✓		বাংলা
৪–১২																							
মোট	৩					৩		৩		৩		৩							৩		৩		

ইংরাজী (৫ - ১৬ বছর বয়সসীমা)

ক্রমিক সংখ্যা	ইংরাজী পঠন (সর্বোচ্চ স্তরে টিক দেবে): কিছুনা	বড় অক্ষর (ক্যাপিটাল লেটার)	ছোট অক্ষর (স্মল লেটার)	শব্দ	বাক্য	অর্থ: শব্দ পেরেছে	শব্দ পারেনি	বাক্য পেরেছে	বাক্য পারেনি
১				✓			✓		✓
২					✓	✓			✓
৩					✓	✓		✓	
৪–১২									
মোট				১	2	2	১	১	2

Annual Status of Education Report
असर ASER 2007 RURAL
Facilitated by PRATHAM



শিশুদের শিক্ষার স্তর
ASER-2007

ASER
একটি
সর্বভারতীয়
স্তরের
সমীক্ষা।

এই সমীক্ষার
তথ্য থেকে
শিশুদের
শিক্ষার
স্তর
জানা যায়।

আপনি কি
জানেন
আমাদের
রাজ্যের
৩৫ শতাংশ
শিশু সাধারণ
বাক্য পড়তে
পারে না
এবং
৩৫ শতাংশ শিশু
সাধারণ
যোগ-বিয়োগ
করতে পারে না।

কাহিনী

তখন আষাঢ় মাস ছিল। আকাশ ছেয়ে গেল কালো মেঘে। ফুরফুরে ঠান্ডা হাওয়া বইছিল। রাজু ভেবেছিল, আজ সে দোলনায় দুলবে। রাজু বড়দাদাকে বলল দোলনা বানিয়ে দিতে। তখন বড়দাদা একটা মোটা দড়ি নিয়ে এল। সবাই মিলে দড়িটা গাছে বেঁধে দোলনা বানালো। রাজু খুব মজা পেয়ে দোলনায় দুলতে লাগল। আরও অনেক ছোট বাচ্চারা দোলনা দেখে দৌড়ে এল। সেদিন সবাই মিলে খেলতে খেলতে রাত হয়ে গিয়েছিল। একটু আধটু বকুনিও জুটেছিল সবার কপালে। তবু ওরা রোজ বিকেলে দোলনা চড়তে আসত।

অনুচ্ছেদ

গরমে আম পাওয়া যায়।
মণির মা আমের আচার বানান।
শীতকালে আপেল পাওয়া যায়।
মণি আপেল খেতে ভালবাসে।

অক্ষর

গ ত ফ
স ব
য় চ প
ণ ঠ

শব্দ

কলা গাছ
ফুল
ঘাট দূর
বাড়ি দাদা
কুঁয়ো
লেবু গরু

সংখ্যা পরিচিতি ১—৯	সংখ্যা পরিচিতি ১০—৯৯	বিয়োগ	ভাগ
৩ ৭	৬৫ ৩৮	৫২ − ৩৫, ৬৭ − ৪৮	৭)৯১৮(
১ ৪	৯২ ২৩	৮৪ − ৪৯, ৭৩ − ৩৬	৬)৭৬৯(
৮ ৯	৮১ ২৯	৪৬ − ৩৭, ৩১ − ১৩	৪)৯৮৩(
৫ ২	৪৭ ৭২	৪৫ − ১৮, ৪৩ − ২৪	৪)৫১৩(
	৫৬ ৮৭		
৫টি জিজ্ঞেস করুন। ৫টির মধ্যে ৪টি সঠিক হতে হবে।	৫টি জিজ্ঞেস করুন। ৫টির মধ্যে ৪টি সঠিক হতে হবে।	২টি করতে দিন। দুটিই সঠিক হতে হবে।	একটি করবে। কিন্তু সেই ভাগটি সঠিক হতে হবে।



বাৎসরিক শিক্ষা বিবরণ ২০০৭ : পশ্চিমবঙ্গ

আপনি কি এই
অবস্থার পরিবর্তন
চান? আপনার
গ্রামের শিশুদের
শিক্ষার স্তর কি
আপনি জানতে
চান না? আপনিও
পারেন আপনার
গ্রামের শিক্ষার মান
বদলাতে,
বিদ্যালয়কে
সর্বাঙ্গসুন্দর করতে।
শুধু দরকার
আপনার ইচ্ছা
উৎসাহ ও উদ্যোগ।
পিছিয়ে পড়া
বাচ্চাদের পড়ান।
বিদ্যালয় ছুট
শিশুদের বিদ্যালয়ে
ভর্তি করান।

আমরাও আছি
আপনার সঙ্গে
বিশদ বিবরণের
জন্য যোগাযোগ
করুন :
রশ্মি ঝা
৯৪৩৩০৩০৬৪৭
চন্দন সাহা
৯৪৩৩০৩০৬৪৩
ঠিকানা :-
৮৩/৬-এ
মল্লিক কলোনী
দমদম রোড
কলকাতা-৭০০০৭৪

ফোন নং-(০৩৩) ২৫১৩-৫৪৮২, ই-মেল : aserwestbengal@gmail.com, লক্ষ করুন - www.pratham.org